দৈনিক ইত্তেফাক

১০/৩/২০০৩

তারিখ ............
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# সংসদে শিক্ষামন্ত্রীর ব্যাখ্যা চাওয়া হইয়াছে

**ইত্তেফাক রিপোর্ট** ॥ এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা বিষয়ে জাতীয় সংসদে শিক্ষামন্ত্রীর ব্যাখ্যা দাবী করিয়াছেন জাতীয় পার্টির এডভোকেট ফজলে রাব্বী। গতকাল সোমবার এই দাবী জানানো হইলে স্পীকার ৩ শত বিধিতে শিক্ষামন্ত্রীকে এই ব্যাপারে পরবর্তী যেকোন সময় ব্যাখ্যা

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

দেওয়ার জন্য বলেন। এডভোকেট ফজলে রাব্বী এই প্রসঙ্গে বলেন, নূতন পদ্ধতিতে অর্থাৎ গ্রেডিং পদ্ধতিতে এইবার এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হইয়াছে। তবে ফলাফল লইয়া জটিলতা সৃষ্টি হইয়াছে। কি পদ্ধতিতে ফলাফল ঘোষিত হইয়াছে সেই বিষয়ে অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের মধ্যে সম্যক ধারণা দেওয়ার প্রয়োজন ছিল। শিক্ষা বোর্ড এই ব্যাপারে একটি ব্যাখ্যা দিলেও তাহা পরিষ্কার নয়। এই পরিস্থিতিতে শিক্ষামন্ত্রীর একটি ব্যাখ্যা জাতীয় সংসদে দেওয়া প্রয়োজন বলিয়া তিনি উল্লেখ করেন।